তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ২
NOV 24 2002

# ঢাবিতে ঘ ইউনিটের মাধ্যমে আইন বিভাগে ছাত্রছাত্রী ভর্তি করা হবে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবার ঘ ইউনিটের মাধ্যমে আইন বিভাগে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। গতকাল উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের সভাপতিত্বে ভর্তি পরীক্ষা কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর আগে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের খ ইউনিটের মাধ্যমে এ বিভাগে ছাত্রছাত্রী ভর্তি করা হতো। সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৭ ডিসেম্বর থেকে ক্যাম্পাসের তিনটি বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে চারটি ইউনিটের ভর্তি ফরম বিক্রি শুরু হবে। বিক্রি চলবে ৯ জানুয়ারি পর্যন্ত। ১৭ জানুয়ারি থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে। প্রথম দিন বাণিজ্য অনুষদের গ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর যথাক্রমে ২৪ জানুয়ারি সম্মিলিত অনুষদের (বিভাগ পরিবর্তনকারী) ঘ ইউনিট, ৩১ জানুয়ারি কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের খ ইউনিট এবং ৭ ফেব্রুয়ারি বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসি অনুষদের ক ইউনিটের ভর্তি পরীক্ষা নেয়া হবে। গত বছরের চেয়ে এবার ফরমের মূল্য ২৫ টাকা বৃদ্ধি করে ২৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। আবেদনের ন্যূনতম যোগ্যতার নম্বর গতবারের মতোই ক ইউনিটে ১৩৫০, খ ও গ ইউনিটে ১১৫০ এবং ঘ ইউনিটে ১২০০ নির্ধারণ করা হয়েছে। মাদ্রাসা বোর্ড থেকে পাস করা ছাত্রছাত্রীদের যেসব বিভাগে ভর্তি নিষিদ্ধ রয়েছে সে ব্যাপারে কোন নতুন সিদ্ধান্ত নেয়া হয়নি।

দুপুরে সিনেট কক্ষে অনুষ্ঠিত এই সভায় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক কাজী শহিদুল্লাহ, ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক চৌধুরী মাহমুদ হাসান, বাণিজ্য অনুষদের ডিন অধ্যাপক সিরাজুল ইসলাম, আইন অনুষদের ডিন ড. তাসলিমা মনসুরসহ বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগীয় চেয়ারম্যান, ইন্সটিটিউটের পরিচালকরা উপস্থিত ছিলেন।